অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/23/2025 **গভর্নর ক্যাথি হোকল**

অকেজো সেপটিক সিস্টেম থেকে জলের গুণমান রক্ষা করার জন্য এটিকে আরও সাশ্রয়ী করতে গভর্নর হোকল 30 মিলিয়ন ডলার ঘোষণা করেছেন এবং আইনে স্বাক্ষর করেছেন

S8241-A/A8807 আইন নিউ ইয়র্কবাসীদের জন্য উন্নত সেপটিক সিস্টেমে আপগ্রেড সহজ এবং আরও সাশ্রয়ী করে তোলে যা উল্লেখযোগ্যভাবে জল দূষণ কমায়

স্টেট সেপটিক সিস্টেম প্রতিস্থাপন কর্মসূচি লং আইল্যান্ডের মতো অগ্রাধিকারপ্রাপ্ত ভৌগোলিক অঞ্চলগুলিকে লক্ষ্য করে যারা একক-উৎস হিসাবে ভূগর্ভস্থ জলস্তরের উপর নির্ভরশীল

জল দূষণ রোধ করতে পুরনো সেপটিক এবং সেসপুল সিস্টেম প্রতিস্থাপনে তহবিলের প্রণোদনা দেয়

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ সেই আইনে স্বাক্ষর করেছেন যার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের উন্নত সেপটিক সিস্টেমে আপগ্রেড করা আরও সহজ এবং আরও সাশ্রয়ী হয়ে উঠবে এবং যা উল্লেখযোগ্যভাবে জল দূষণ হ্রাস করে, জনস্বাস্থ্য রক্ষা করে এবং জলের গুণমান উন্নত করে। গভর্নর সফল স্টেট সেপটিক সিস্টেম রিপ্লেসমেন্ট ফান্ড প্রোগ্রামের (Septic System Replacement Fund Program) 5ম রাউন্ডের জন্য 30 মিলিয়ন ডলার বিনিয়োগের কথাও ঘোষণা করেছেন, যাতে বাড়ির মালিকরা ব্যর্থ সেপটিক সিস্টেমগুলিকে আপগ্রেড বা প্রতিস্থাপন করতে পারেন, বিশেষ করে যেগুলি অগ্রাধিকারমূলক এলাকা হিসেবে মনোনীত স্থানে থাকা জলাশয়গুলিকে প্রভাবিত করে।

"বিশুদ্ধ জল হাতে পাওয়ার সুযোগ একটি মৌলিক অধিকার এবং মন্টাউক (Montauk) থেকে বাফেলো (Buffalo) পর্যন্ত সম্প্রদায়গুলি নিরাপদ, নির্ভরযোগ্য জলের অবকাঠামো পাওয়ার যোগ্য।" **গভর্নর হোকল বলেন।** "লং আইল্যান্ডের (Long Island) জলসম্পদ সেখানকার বসবাসকারী মানুষের জন্য, স্থানীয় অর্থনীতির জন্য এবং আইল্যান্ডটিকে আবাসস্থল বলে অভিহিত করা উদ্ভিদ ও প্রাণীর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। আমি সকল নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্য সুরক্ষার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং এই বিলটি ভবিষ্যত প্রজন্মের কাছে একটি অঙ্গীকার যে আমরা সকলের জন্য বিশুদ্ধ জল নিশ্চিত করার পাশাপাশি আরও স্থিতিস্থাপক, টেকসই রাষ্ট্র গড়ে তুলব।"

আজ ঘোষিত 30 মিলিয়ন ডলারের অনুদান স্বাস্থ্য ও পরিবেশ সংরক্ষণ বিভাগের (Departments of Health and Environmental Conservation) সাথে সমন্বিতভাবে নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (New York State Environmental Facilities Corporation) কর্তৃক প্রদান করা হয়েছে এবং এটি পুরনো জল ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা আধুনিকীকরণের জন্য স্টেটের জাতীয়-নেতৃস্থানীয় প্রতিশ্রুতির অংশ। নিউ ইয়র্ক স্টেট কাউন্টিগুলোতে সেসপুল এবং সেপটিক সিস্টেমগুলি প্রতিস্থাপন করা এবং সেপটিক সিস্টেমের মতো আরো পরিবেশগতভাবে কার্যকর সিস্টেমগুলি ইনস্টল করার খরচের একটি অংশের জন্য যোগ্য সম্পত্তির মালিকদের ক্ষতিপূরণ দেওয়ার জন্য তহবিল প্রদান করবে।

নতুন আইনের অধীনে, এই আরও উন্নত সিস্টেমগুলিকে নিয়মিত সিস্টেমের সমান বা আরও সাশ্রয়ী মূল্যের করে তোলার ক্ষেত্রে যোগ্য সম্পত্তির মালিকরা একটি সাধারণ সিস্টেম ইনস্টলেশনের জন্য 10,000 ডলার পর্যন্ত যোগ্য খরচের 50 শতাংশ, অথবা একটি উন্নত সেপটিক সিস্টেম ইনস্টলেশনের জন্য 25,000 ডলার পর্যন্ত যোগ্য খরচের 75 শতাংশ পর্যন্ত ফেরত পেতে পারেন। কাউন্টিগুলি প্রোগ্রামের অংশগ্রহণ এবং দূষণ হ্রাস লক্ষ্যমাত্রা সর্বোচ্চ করতে সেপটিক সিস্টেম প্রকল্পের জন্য ধাপে ধাপে প্রণোদনা পরিশোধের হার নির্ধারণ করতে পারে।

নিউ ইয়র্কে পুষ্টিকর উপদান দূষণের ক্ষেত্রে পুরনো বা ব্যর্থ সেপটিক সিস্টেমগুলি উল্লেখযোগ্য অবদান রাখে, যা ক্ষতিকারক শৈবাল ফুল (HAB) বৃদ্ধি করে এবং জলের গুণমানকে প্রতিকূলভাবে প্রভাবিত করে। লং আইল্যান্ডে (Long Island) জলের গুণমান উন্নত করার জন্য উন্নত সেপটিক সিস্টেমে বিনিয়োগ করা অত্যন্ত জরুরি, তবে এটি প্রায়ই প্রচলিত বর্জ্য জল পরিশোধনের চেয়ে বেশি ব্যয়বহুল। এই উন্নত সিস্টেমগুলিকে বিশেষভাবে নাইট্রোজেনের পরিমাণ উল্লেখযোগ্যভাবে হ্রাস করার জন্য ডিজাইন করা হয়েছে, যা জলের গুণমান উন্নত করে এবং HAB-এর বিরুদ্ধে লড়াই করে ফসফরাস এবং পার- এবং পলিফ্লুরোঅ্যালকাইল (PFAS) পদার্থের পরিবেশগত এবং জনস্বাস্থ্যের প্রভাব কমাতে সাহায্য করে।

সাফোক কাউন্টিতে (Suffolk) স্বাক্ষর করা আজকের বিলটি বিশুদ্ধ জলের জন্য গভর্নরের রেকর্ড পরিমাণ বিনিয়োগের উপর ভিত্তি করে হয়েছে। এই বিনিয়োগগুলি হল নিউ ইয়র্কের বৃহত্তর কৌশলের অংশ যাতে প্রত্যেক অঞ্চল আরো বিশুদ্ধ জল, আরো নিরাপদ ব্যবস্থা, এবং দীর্ঘমেয়াদি সাস্টেনেবিলিটির লাভ পাচ্ছে বলে নিশ্চিত করার মাধ্যমে অবকাঠামোর জন্য দেওয়া স্টেট এবং ফেডারেল মার্কিন ডলারের প্রভাব সর্বোচ্চ করা যায়। আজ ঘোষিত তহবিলের মোট দুই-তৃতীয়াংশ - বা 20 মিলিয়ন ডলার - সরাসরি সাফোক কাউন্টির প্রকল্পগুলিতে সাহায্য করবে, যা এই অঞ্চলের একমাত্র উৎস জলাধার এবং অন্যান্য জলাশয়গুলিকে সুরক্ষিত করতে সহায়তা করবে।

নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন-এর কমিশনার Amanda Lefton (আমান্ডা লেফ্টন) বলেন, "লং আইল্যান্ডের জলের গুণমান রক্ষায় গভর্নর Hochul (হোকল)-এর সমর্থনের রেকর্ড অনস্বীকার্য এবং আজকের বিনিয়োগের মাধ্যমে তা আরও শক্তিশালী হয়েছে। অপর্যাপ্ত সেপটিক সিস্টেম প্রতিস্থাপন আমাদের সংবেদনশীল জলপথে দূষণ প্রবেশ আটকায় এবং স্টেট জুড়ে জলের গুণমানে স্থায়ী উন্নতি ঘটায়। উন্নত সেপটিক প্রতিস্থাপনের ক্রয়ক্ষমতা বৃদ্ধিকারী নতুন আইন এবং নতুন 30 মিলিয়ন ডলারের

তহবিল দূষণ কমাতে এবং নিউ ইয়র্কের জলের গুণমান রক্ষা করার জন্য একটি সাধারণ জ্ঞানসম্পন্ন ও কার্যকর পদ্ধতিকে উৎসাহিত করবে।"

নিউ ইয়র্ক স্টেট এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট ও CEO Maureen A. Coleman (মরিন এ. কোলম্যান) বলেন, "লং আইল্যান্ডের জলের গুণমান অত্যন্ত গুরুত্বপূর্ণ - কেবল পরিবেশের জন্য নয়, জনস্বাস্থ্য, উন্নত জীবনযাত্রার মান এবং সমৃদ্ধ স্থানীয় অর্থনীতির জন্যও। এই কারণেই লং আইল্যান্ডের জলাধারের অবকাঠামো আধুনিকীকরণ এবং এর একমাত্র উৎস জলাধার রক্ষায় সহায়তা করার জন্য EFC গত দুই বছরে 1 বিলিয়ন ডলারেরও বেশি অনুদান এবং কম সুদে অর্থায়নের প্রতিশ্রুতি দিয়েছে। এই নতুন 30 মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে এবং গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, আমরা স্টেটজুড়ে বাড়ির মালিক এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলির জন্য পুরনো সেপটিক সিস্টেম প্রতিস্থাপন এবং ক্ষতিকারক দূষণ হ্রাস করার কাজ সহজ করে তুলছি। এটি দীর্ঘমেয়াদী সুবিধাসহ একটি বুদ্ধিদীপ্ত, স্থানীয় সমাধান।"

নিউ ইয়র্ক স্টেট হেলথ কমিশনার Dr. James McDonald (ডঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "সকল নিউ ইয়র্কবাসীর এই মানসিক শান্তি প্রাপ্য যে তাদের ব্যবহার করা জলের সুবিধাটি নিরাপদ এবং দূষণমুক্ত। স্টেট সেপটিক সিস্টেম রিপ্লেসমেন্ট ফান্ড প্রোগ্রামে আজকের 30 মিলিয়ন ডলারের বিনিয়োগ, গভর্নর Hochul (হোকল) কর্তৃক স্বাক্ষরিত আইনের সাথে সম্মিলিত হয়েছে, এই গুরুত্বপূর্ণ অবকাঠামোগত আপগ্রেড করার আর্থিক বোঝা হ্রাস করে যা আরও বেশি সম্প্রদায়কে ক্ষতিকারক জল দূষণ থেকে সুরক্ষিত রাখবে বলে নিশ্চিত করবে। এটি সমস্ত নিউ ইয়র্কবাসীর স্বাস্থ্যের জন্য একটি বোধগম্য বিনিয়োগ।"

স্টেট সিনেটর Pete Harckham (পিট হার্কহ্যাম) বলেন, "নিউ ইয়র্ক জুড়ে সেপটিক সিস্টেম আপগ্রেড আমাদের জলপথ, জনস্বাস্থ্য এবং পরিবেশ রক্ষার জন্য অপরিহার্য - তবে এগুলি ব্যয়বহুল হতে পারে। এই নতুন আইন, যা উন্নত শোধনাগার ইউনিট সহ নতুন সিস্টেম স্থাপনের জন্য ব্যয়পূরণ করবে, তা বাড়ির মালিকদের কাছের জলাধার এবং অন্যান্য ভঙ্গুর পানীয় জলের সম্পদ রক্ষা করার সময় সামর্থের চেয়ে বেশি অর্থ খরচ না করেই উন্নতিসাধনের সুযোগ দেবে। এই উদ্যোগে নেতৃত্ব দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল), নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন এবং বিলটির উদ্যোক্তা অ্যাসেম্বলি সদস্য Rececca Kassay (রেবেকা ক্যাসে)-কে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য Rebecca Kassay (রেবেকা ক্যাসে) বলেন, "বেশিরভাগ নিউ ইয়র্কবাসীই আমাদের পরিবেশ রক্ষায় নিজেদের ভূমিকা পালন করতে চান, কিন্তু কখনও কখনও বাজেটের সীমাবদ্ধতা পরিবারগুলিকে সেই প্রচেষ্টায় বাধা দেয়। পুরনো বা ব্যর্থ সেপটিক সিস্টেমগুলি নিউ ইয়র্ক জুড়ে, বিশেষ করে লং আইল্যান্ডে পুষ্টিকর উপাদান দূষণের একটি প্রধান উৎস, যা ক্ষতিকারক শৈবাল ফুল, মাছের মৃত্যু এবং জলের গুণমান হ্রাসে অবদান রাখে। উন্নত সেপটিক প্রযুক্তিগুলি বর্জ্য জল পরিশোধনে উল্লেখযোগ্যভাবে কার্যকর হলেও তাদের খরচ প্রায়ই অনেক পরিবারের নাগালের বাইরে থাকে - যদি না স্টেট তহবিল সহযোগিতা করে। আমি গভর্নর এবং আমাদের সহকর্মীদের সাথে কাজ করে এই সমাধানটি প্রদান করতে পেরে গর্বিত যা কেবল আমাদের জলকে আরও সুরক্ষিতই করে না, বরং লং আইল্যান্ডের ক্রয়ক্ষমতার সমস্যাগুলিও সমাধান করে।"

সাফোক কাউন্টির নির্বাহী কর্মী Ed Romaine (এড রোমানি) বলেন, "আমাদের জল, আমাদের জলাধার এবং মোহনা রক্ষার জন্য সাফোক কাউন্টির প্রচেষ্টায় সেপটিক সংশ্লিষ্ট অনুদান গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই লক্ষ্য অর্জনে আমাদের সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রচেষ্টার আমি প্রশংসা করি।"

সাফোক কাউন্টির আইনসভার সংখ্যাগরিষ্ঠ নেতা Jason Richberg (জেসন রিচবার্গ) বলেন, "এই বিলটি আমাদের সম্প্রদায়ের স্বাস্থ্য এবং স্থিতিস্থাপকতার ক্ষেত্রে একটি সাধারণ বিনিয়োগ যা সাফোক কাউন্টিকে পরিবেশ সুরক্ষা এবং অর্থনৈতিক সুযোগ প্রদানের শীর্ষে রাখবে। পুরনো সেপটিক সিস্টেমগুলি লং আইল্যান্ডের পরিবেশের জন্য সবচেয়ে বড় হুমকিগুলির মধ্যে একটি, এবং আরও বিশুদ্ধ, আরও দক্ষ সিস্টেমের অর্থ হল আমাদের ভূগর্ভস্থ জল এবং জলপথে কম দূষণকারী পদার্থ প্রবেশ করবে। এখানে ব্যয় করা প্রতিটি ডলার আমাদের পরিবারের জন্য বিশুদ্ধ জল সরবরাহ করে, স্থানীয় ব্যবসার জন্য শক্তিশালী সহায়তা প্রদান করে এবং দীর্ঘমেয়াদী রক্ষণাবেক্ষণের জন্য প্রকৃত সঞ্চয় করে। আমার ডিস্ট্রিক্টে, পুরনো সেপটিক ট্যাঙ্ক অপসারণের সাথে সম্পর্কিত বেশি খরচ প্রায়ই বাড়ির মালিক এবং ছোট ব্যবসাগুলিকে উন্নত সিস্টেমে আপগ্রেড করতে বাধা দেয়। ব্যয়পূরণের মাত্রা বৃদ্ধি করলে আর্থিক বাধা দূর হবে এবং কর্মজীবী পরিবার এবং মেইন স্ট্রিট উদ্যোক্তারা তাদের বর্জ্য ব্যবস্থাপনার নিয়ন্ত্রণ হাতে নিতে পারবেন। এটি কেবল সেপটিক ট্যাঙ্ক সম্পর্কে নয় - এটি আমাদের জীবনযাত্রার মান রক্ষা করার, আমাদের ছোট ব্যবসার দিকে নজর দেওয়ার এবং ভবিষ্যত প্রজন্মের প্রতি আমাদের দায়িত্বকে সম্মান করার বিষয়েও।"

সিটিজেনস ক্যাম্পেইন ফর দ্য এনভায়রনমেন্টের নির্বাহী পরিচালক Adrienne Esposito (এড্রিয়ান এস্পোজিটো) বলেন, "এই গুরুত্বপূর্ণ সেপটিক বিলটি আমাদের উপসাগর এবং বন্দরগুলিতে পয়ঃনিষ্কাশন থেকে হওয়া দূষণের সমাধান। শিক্ষা এবং প্রণোদনা প্রদানে পরিবর্তন করার মাধ্যমে জনসাধারণের পরিবর্তন ঘটে। এই গুরুত্বপূর্ণ আইনটি জনসাধারণকে পুরনো, খুব পুরনো সেপটিক এবং সেসপুল সিস্টেমগুলিকে নতুন পয়ঃনিষ্কাশন ব্যবস্থা দিয়ে প্রতিস্থাপন করতে উৎসাহিত করবে! এই প্রোগ্রামটি ইতিমধ্যেই নাসাউ (Nassau) এবং সাফোক (Suffolk) কাউন্টিতে সফল, এখন আমরা সেই সাফল্যকে আরও বাড়িয়ে তুলতে পারি। আমরা আনন্দিত যে গভর্নর Hochul (হোকল) এই গুরুত্বপূর্ণ বিশুদ্ধ জলের আইনে স্বাক্ষর করে আইনে পরিণত করছেন এবং বিশুদ্ধ জলের প্রতি তার অব্যাহত অঙ্গীকারের জন্য তাকে ধন্যবাদ জানাই। এই বছর এই বিলটি পাস করার জন্য CCE সিনেটর Harckham (হার্কহ্যাম) এবং অ্যাসেম্বলিওম্যান Rebecca Kassay (রেবেকা ক্যাসে)-কেও ধন্যবাদ জানায়।"

নেচার কনজারভেন্সি-র নিউ ইয়র্কের নির্বাহী পরিচালক Bill Ulfelder (বিল উলফেল্ডার) বলেন, "বাড়ির মালিকদের জন্য বিশুদ্ধ জলের সেপটিক সিস্টেম সাশ্রয়ী করার আইন স্বাক্ষর করার জন্য এবং বিশুদ্ধ জল প্রকল্পগুলিতে গুরুত্বপূর্ণ তহবিল প্রদানের জন্য নেচার কনজারভেন্সি (The Nature Conservancy) গভর্নর Hochul (হোকল)-এর প্রশংসা করে। গত বছর সাফোক কাউন্টির ভোটারদের বিপুল ভোটে অনুমোদিত জল অবকাঠামো প্রকল্পের জন্য স্থানীয় তহবিলের সৌজন্য স্টেটের সম্প্রসারিত সেপটিক সিস্টেম প্রতিস্থাপন তহবিল সাফোক কাউন্টিতে আরও এগিয়ে যাবে। জনস্বাস্থ্যের জন্য অত্যাবশ্যকীয় পানি অবকাঠামো প্রকল্প

পরিষ্কার খাওয়ার পানি নিরাপদ রাখে, জীবনযাত্রার মান উন্নত করে, এবং আমাদের উপসাগর, হার্বার, লেক, এবং নদীতে দূষণের প্রবেশকে প্রতিহত করে। নেচার কনজারভেন্সি (The Nature Conservancy) সংস্থা বিলটির উদ্যোক্তা সিনেটর Harckham (হার্কহ্যাম) এবং অ্যাসেম্বলি সদস্য Kassay (ক্যাসে)-কে এই কর্মসূচির সম্প্রসারণে সহায়তা করার জন্য এবং এই গুরুত্বপূর্ণ অনুদান কর্মসূচিকে এগিয়ে নেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) এবং এনভায়রনমেন্টাল ফেসিলিটিজ কর্পোরেশনকে ধন্যবাদ জানায়।"

নিউ ইয়র্ক লিগ অব কনজারভেশন ভোটারস (New York League of Conservation Voters) এর প্রেসিডেন্ট Julie Tighe (জুলি টিঘে) বলেন, "সবারই বিশুদ্ধ জল প্রাপ্য। পুরনো সেপটিক সিস্টেম এবং সেসপুলগুলি ভূগর্ভস্থ জল এবং জলপথগুলিকে দূষিত করছে, বিশেষ করে লং আইল্যান্ডে - সেপটিক সিস্টেম প্রতিস্থাপন তহবিলের সম্প্রসারণ এবং গভর্নরের 30 মিলিয়ন ডলারের বিনিয়োগ জনস্বাস্থ্যের জন্য একটি বড় জয়। এই গুরুত্বপূর্ণ পদক্ষেপে স্বাক্ষর করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল)-কে এবং আইনসভার মাধ্যমে এটিকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে নেতৃত্বের জন্য সিনেটর (Harckham)হার্কহ্যাম এবং অ্যাসেম্বলি সদস্য Kassay (ক্যাসে)-কে সাধুবাদ জানাই।"

2017 সালে, নিউ ইয়র্ক স্টেট দলের গুণমান উন্নত করতে এবং নিউ ইয়র্ক জুড়ে লক্ষ্যবিশিষ্ট সম্প্রদায়গুলিতে পুরনো সেপটিক সিস্টেম প্রতিস্থাপনের খরচ বহন করতে বাড়ির মালিকদের সহায়তা করার জন্য একটি ব্যাপক, বহু-বছরব্যাপী পরিষ্কার জলের অবকাঠামোগত উদ্যোগ চালু করে। এই ছাড় কর্মসূচী তৈরি করা হয়েছে বাড়ির মালিক এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের বয়স্ক সেপটিক সিস্টেম প্রতিস্থাপন এবং সেসপুল আপগ্রেড করবে যা জলের গুণগত মানের ক্ষতি করতে পারে এবং নাইট্রোজেন এবং ফসফরাসের মত পুষ্টি দূষণের মাধ্যমে জনস্বাস্থ্যের জন্য হুমকি হয়ে থাকতে পারে।

এর মধ্যে রয়েছে বিদ্যমান বা সম্ভাব্য সরকারী সরবরাহকৃত জল গ্রহণের এলাকা, সেইসাথে সেইসব এলাকা যা ইতিমধ্যেই ব্যর্থ সেপটিক সিস্টেমের কারণে জলের গুণমানের ক্ষতির সম্মুখীন হচ্ছে। তহবিলের সবচেয়ে দক্ষ এবং কার্যকর বরাদ্দ নিশ্চিত করতে, DEC এবং DOH অংশগ্রহণকারী কাউন্টিগুলির সাথে ঘনিষ্ঠভাবে সহযোগিতা করে যোগ্য জলাশয়গুলি শনাক্ত করে এবং অগ্রাধিকার দেয়। এই সমন্বিত পদ্ধতি নিউ ইয়র্কের জলসম্পদ রক্ষা এবং উন্নত করার ক্ষেত্রে প্রোগ্রামের কার্যকারিতা সর্বাধিক করে তোলে।

বর্তমান রাউন্ডের (রাউন্ড 4) জন্য যোগ্য কাউন্টি এবং জলাশয়ের একটি তালিকা এখানে EFC-এর ওয়েবসাইটে পাওয়া যাবে। কাউন্টিগুলিকে তাদের তহবিলের পরিমাণ জানানোর পরে 5ম রাউন্ডের জন্য যোগ্য জলাশয়গুলি পোস্ট করা হবে। বাড়ির মালিক এবং ব্যবসা প্রতিষ্ঠানগুলিকে তাদের সম্পত্তি যোগ্য কিনা তা নির্ধারণের জন্য তাদের কাউন্টি প্রতিনিধির সাথে যোগাযোগ করতে হবে, যারা EFC-এর ওয়েবসাইটে তালিকাভুক্ত রয়েছে।

লং আইল্যান্ড প্রায় সম্পূর্ণরূপে একটি একক উৎসের অ্যাকুইফারের উপর নির্ভর করে এবং পানি সরবরাহকারীদের এই মূল্যবান ও অনন্য ভূপৃষ্ঠের পানির উৎস সুৰক্ষা করতে সাহায্য করা হলো নাসাউ ও সাফোক কাউন্টির বহু মিলিয়ন মানুষের জন্য পরিষ্কার খাওয়ার পানি নিশ্চিত করার জন্য অত্যাবশ্যকীয়। আজকের ঘোষণাগুলি আইল্যান্ডে জলাধার সুরক্ষা সম্প্রসারণের

জন্য সম্প্রতি ঘোষিত লং আইল্যান্ড ওয়াটারশেড প্রোগ্রাম প্রচেষ্টার পরিপূরক। লং আইল্যান্ড ওয়াটারশেড অ্যাকশন অ্যাজেন্ডা হল একটি স্বচ্ছ ব্লুপ্রিন্ট যার লক্ষ্য হল জলের গুণমান উন্নয়ন অর্জন, জলজ আশ্রয় সংরক্ষণ, ভূগর্ভস্থ জল সুরক্ষা এবং নাসাউ এবং সাফোক কাউন্টির উপরিভাগ, উপকূলীয় এবং ভূগর্ভস্থ জল রক্ষায় সাফল্য নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় জনসাধারণের অংশগ্রহণ।

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক স্টেট পানি অবকাঠামোতে এর দেশসেরা বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে, যার মধ্যে রয়েছে শুধু স্টেটের অর্থবছর 2024 এর জন্য স্থানীয় পানি অবকাঠামো প্রকল্পের জন্য EFC থেকে প্রদত্ত 2.2 মিলিয়ন মার্কিন ডলারের বেশি আর্থিক সহায়তা। EFC-এর জল সংক্রান্ত অবকাঠামো উন্নয়ন এবং আন্তঃপৌরসভা জল সংক্রান্ত অবকাঠামো অনুদানের পরবর্তী রাউন্ড এখন www.efc.ny.gov-এ খোলা আছে। গভর্নর Hochul (হোকল) এই রাউন্ডের জন্য 325 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করেছেন।

অর্থবছর 2026 সালের প্রণীত বাজেটে পরিষ্কার পানি অবকাঠামোর জন্য 500 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দ করার জন্য গভর্নর Hochul (হোকল)-এর ঘোষণার ফলে 2017 সাল থেকে এই বছর পর্যন্ত নিউ ইয়র্ক পানির অবকাঠামোতে মোট 6 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে। পানির অবকাঠামো প্রকল্পের জন্য সাহায্য প্রয়োজন এমন যেকোনো সম্প্রদায়কে EFC এর সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে। নিউ ইয়র্কবাসীগণ ইন্টারেক্টিভ প্রজেক্টের ইমপ্যাক্ট ড্যাশবোর্ড ব্যবহার করে EFC এর বিনিয়োগগুলো থেকে উপকৃত হওয়া প্রকল্পগুলোকে ট্র্যাক করতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন